ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অবশেষে ওটিটিতে রণবীরের 'অ্যানিমেল'

পৃঃ ৫



এখন তৃতীয় দামি ক্লাব মেসির মায়ামি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৩০ ● কলকাতা ● ১৬ মাঘ, ১৪৩০ ● বুধবার ● ৩১ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মুর্শিদাবাদের জন্য হাজার কোটির বেশি

# উপহারের ডালি নিয়ে যাচ্ছেন মুখ্যমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের আগে জেলা সফরে রাজ্যের মুখ্যমন্ত্রী। বুধবার মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন তিনি। বুধবার দুপুর তিনটে থেকে বহরমপুর স্টেডিয়াম মাঠে তাঁর সরকারি জনসভা শুরু হওয়ার কথা। জেলা প্রশাসন সূত্রে খবর, সরকারি জনসভা থেকে মুর্শিদাবাদবাসীর জন্য মুখ্যমন্ত্রী এক হাজার কোটি টাকার বেশি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন।মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদে এসে একাধিক কমিউনিটি হল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, কিছু বিদ্যালয় ভবন নির্মাণের কাজ, বহরমপুরে একটি সুইমিং পুল নির্মাণ কাজের শিল্যানাস করার পাশাপাশি নবগ্রামে রত্নেশ্বর মন্দির সংরক্ষণের কাজেরও শিলান্যাস করবেন। উদ্বোধন করবেন একটি সেতুও। এছাড়াও ফারাক্কা এবং সামশেরগঞ্জ ব্লকে গঙ্গা নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ৮০০ মিটার নদী অংশ পুনরুদ্ধারের কাজের উদ্বোধন করবেন তিনি। উদ্বোধনের তালিকায় রয়েছে একাধিক হাসপাতাল ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, বেশ কিছু রাস্তা, কয়েকটি জনস্বাস্থ্য কেন্দ্র।মুর্শিদাবাদ জেলা

এরপর ৩ পাতায়

## বাংলায় রাষ্ট্রপতি শাসনের দাবি,

# আসলে বিজেপি-র হাত শক্ত করছেন অধীর: অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আসন সমঝোতা নিয়ে দরাদরির জেরে বাংলায় কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছিন্নের ঘোষণা করেছেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জাতীয় স্তরে ইন্ডিয়া জোট শরিক হলেও, বাংলায় তৃণমূল এবং কংগ্রেসের মধেয় বনিবনা না হওয়ার জন্য সরাসরি প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরীকে কাঠগড়ায় তুলেছিলেন দলের সাংসদ ডেরেক ও'ব্রায়েন। যে কেউ নন, কংগ্রেসের প্রদেশ সভাপতি অভিষেক, যিনি লোকসভায় কংগ্রেসের দলনেতাও, সেই অধীর যদি জোটসঙ্গী মমতাকে নিজের বিরুদ্ধে লড়তে চ্যালেঞ্জ জানান, তাতে ধৈর্যের বাঁধ ভাঙাই স্বাভাবিক বলে জানান অভিষেক। তবে বাংলায় একা লড়াইয়ের ঘোষণা হলেও, জাতীয় স্তরে তৃণমূল ইন্ডিয়া জোটের পাশেই রয়েছে বলে জানিয়েছেন তিনি। অভিষেক জানান, আসন সমঝোতা না হলেও,ইন্ডিয়া জোটের পাশেই রয়েছে তৃণমূল। আর কোন দল থাকবে, কে থাকবে না, তা নিয়ে মাথাব্যথা নেই তাঁদের।এবার তৃণমূলের সর্বভারতীয় সম্পাদক অভিষেক বন্দ্যোপাধয়ায়ের গলাতেও একই সুর শোনা গেল। বিজেপি-প বিরুদ্ধে লড়াইয়ে শামিল মমতাকে আক্রমণ করে অধীর বিজেপি-কে সুবিধা করে দিচ্ছেন বলে দাবি করলেন তিনি। সোমবার সংবাদমাধ্যমের মুখোমুখি হন অভিষেক। রাজেয় কংগ্রেসের সঙ্গে জোট নিয়ে প্রশ্ন করলে সরাসরি অধীরের দিকে আঙুল তোলেন তিনি। বলেন, "গত সাত মাসে , দেখুন কংগ্রেস কতবার মমতা বন্দ্যোপাধ্যায়, তৃণমূলকে আক্রমণ করেছে, আর কত বার বিজেপি-কে আক্রমণ করেছে। কংগ্রেসের প্রদেশ নেতৃত্ব বলছেন, বাংলায় রাষ্ট্রপতি শাসন জারি করুন। রাষ্ট্রপতি শাসন মানে কেন্দ্রের কর্তৃত্ব। কেন্দ্রের হাতে সব

এরপর ৩ পাতায়

## শাহজাহানের বিরুদ্ধে

# প্রমাণ দিতে সময় চাইল ইডি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাহজাহানকে কেন সমন পাঠানো হয়েছে? তার জবাব দিতে আদালতের কাছে সময় চাইল ইডি। একই সঙ্গে শাহজাহানের বিরুদ্ধে কঠিন পদক্ষেপ না করার অনুরোধ শুনে পাল্টা কটাক্ষও করল তারা। আদালত কক্ষে শাহজাহানের আইনজীবীদের লক্ষ করে ইডি বলল, "আপনারা তো খুবই নরম মনোভাব দেখিয়েছেন!" মুখে না বললেও কৌশলে শাহজাহানের গ্রামে ইডির উপর হামলার কথাই যে মনে করিয়ে দেওয়া হয়েছে, তা অনেকের কাছেই স্পষ্ট।প্রসঙ্গত, রেশন দুর্নীতি মামলায় অভিযুক্ত সন্দেশখালির তৃণমূল নেতা শাহজাহানকে খুঁজছে রাজ্যের পুলিশ। খুঁজছে তদন্তকারী সংস্থা ইডিও। অথচ তিনি কোথায় তার খোঁজ মঙ্গলবার পর্যন্ত পাওয়া যায়নি। যদিও সোমবার তাঁর আইনজীবী আদালতে শাহজাহানের হয়ে জামিনের আবেদন করেছেন। যা তাঁর সই ছাড়া সম্ভব হত না। 'নিখোঁজ' শাহজাহান কী ভাবে পুলিশের চোখ এড়িয়ে তাঁর আইনজীবীর কাছে তাঁর হস্তাক্ষর পৌঁছে দিলেন, তা নিয়ে ধন্ধের মধ্যেই মঙ্গলবার শাহজাহানের আগাম জামিনের মামলা ওঠে কলকাতার নগর দায়রা আদালতে।

উল্লেখ্য, এর আগে এই মামলায় এক বার কলকাতা

এরপর ৩ পাতায়



## মেডিক্যালে ভর্তি দুর্নীতি মামলা নিয়ে

# নজিরবিহীন সংঘাতে জড়িয়ে পড়লেন দুই বিচারপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে মেডিকেলে ভর্তি মামলায় যুক্ত হতে চেয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছিলেন তৃণমূল সাংসদ এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেই মত মেলে অনুমতি। সোমবার কলকাতা হাইকোর্টের দুই বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায় ও বিচারপতি সৌমেন সেনের সংঘাতের জেরে এমবিবিএসে ভর্তি সংক্রান্ত দুর্নীতি মামলা সরেছে সুপ্রিম কোর্টে।ওদিকে যে মেডিক্যালে ভর্তি দুর্নীতি মামলা নিয়ে নজিরবিহীন সংঘাতে জড়িয়ে পড়লেন দুই বিচারপতি, সেই অভিযোগের একাংশ সত্যি বলে সোমবার সুপ্রিম কোর্টে 'স্বীকার করে নেয়' রাজ্য সরকার। মেডিক্যালে ভর্তিতে ১৪টি শংসাপত্র জাল। সুপ্রিম কোর্টে সাফ স্বীকারোক্তি রাজ্যের।

রাজ্য জানায় অভিযোগের ভিত্তিতে ১০টি এফআইআর করা হয়েছে। ১৪টি সার্টিফিকেটও বাতিল করে দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্টে জানিয়েছে রাজ্যে। তবে, এছাড়া আর কী পদক্ষেপ করা হয়েছে তা নিয়ে স্টেটাস রিপোর্ট তলব করেছে সুপ্রিম কোর্ট। মামলার সব পক্ষকে হলফনামা দিয়ে লিখিত আকারে বক্তব্য জানাতে বলেছেন প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় ।সেই মামলার শুনানিতে নিজের আইনজীবী মারফত নিজের বক্তব্য রাখেন অভিষেক।

শীর্ষ আদালতে অভিষেকের হয়ে সওয়াল করেন সওয়াল দুঁদে আইনজীবী অভিষেক মনু সিংভি । রাজ্যের তরফে ছিলেন আইনজীবী কপিল সিব্বল। মেডিক্যালে ভুয়ো শংসাপত্র দেখিয়ে সংরক্ষিত আসনে অসংরক্ষিত পড়ুয়া ভর্তির অভিযোগ তুলে দায়ের হয়েছিল মামলা। মামলায় বিচারপতি গঙ্গোপাধ্যায় সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার পরই তাতে স্থগিতদেশ জারি করে বিচারপতি সেন। আর এই ইস্যুকে কেন্দ্র করেই দুই বিচারপতির মধ্যে দ্বন্দ্ব চরমে পৌঁছয়। এরপরই মামলা নেয় সুপ্রিম কোর্ট।

সোমবারের শুনানিতে আইনজীবী ফিরদৌস শামিম বলেন, "বিচারপতি গঙ্গোপাধ্যায়ের নির্দেশে পশ্চিমবঙ্গে একাধিক মামলায় সিবিআই এর নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশ সুপ্রিম কোর্টেও বহাল রয়েছে। গোটা রাজ্যে স্টেট-স্পনর্সড কোরাপশন হয়েছে। আর এত পরিমাণ দুর্নীতিতে রাজ্যের ভূমিকা কী তাও আমরা দেখেছি। অর্থাত, এ কথা স্পষ্ট যে সরকারের কোথাও না কোথাও ব্যথা লেগেছে। সেই থেকেই এই সমস্ত বলছে।"

এর পরই বক্তব্য রাখেন অভিষেক। দুই বিচারপতির সংঘাত নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, "বিচারপতি বনাম বিচারপতি নিয়ে প্রশ্ন করছেন, কোনও দিন স্বাধীন ভারতে এজিনিস দেখেছি আমরা? স্বপ্নেও ভাবতে পারি ? এ সংঘাত হবে কেন ? কারণ কী? এ তো বিজেপি তৈরি করেছে। আর কিছু লোক বিজেপিকে মদত করছে বলে আজ আমাদের দেশের এই দুরবস্থা ! আমি যদি কোনও কুকর্ম করে থাকি, আর আমি যদি বিজেপিতে চলে যাই তাহলে আমার সব খুন মাফ।"

## সরকার 'স্টুডেন্ট ইসলামিক মুভমেন্ট অফ

# ইন্ডিয়া (সিমি)'-কে আরও পাঁচ বছরের জন্য ইউএপিএ-এর আওতায় 'অবৈধ সংগঠন' হিসেবে ঘোষণা করেছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সরকার 'স্টুডেন্ট ইসলামিক মুভমেন্ট অফ ইন্ডিয়া (সিমি)'-কে অবৈধ কার্যকলাপ (প্রতিরোধ) আইন ইউএপিএ -এর আওতায় ১৯৬৭র ধার-৩ (১ এর আওতাধীন) আরও পাঁচ বছরের জন্য অবৈধ সংগঠন হিসেবে ঘোষণা করেছে। গেজেট অধিসূচনা নম্বর এসও ৫৬৪ (ই)-এর মাধ্যমে সিমির উপর এর আগে ২০১৯ সালের ৩১ জানুয়ারি নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। সিমি দেশের সন্ত্রাসবাদী কার্যকলাপ ও শান্তি-সম্প্রীতি বিঘ্নিত করে, এমন কাজকর্মের সঙ্গে জড়িত রয়েছে। সিমির কাজ ভারতের সার্বভৌমত্ব নিরাপত্তা ও অখন্ডতার জন্য ক্ষতিকারক। সিমি এবং এর সদস্যদের বিরুদ্ধে অবৈধ কার্যকলাপ (প্রতিরোধ) আইন ইউএপিএ-এর ১৯৬৭'র বিভিন্ন ধারানুযায়ী অপরাধমূলক কার্যকলাপে জড়িত থাকার জন্য মামলা দায়ের করা হয়েছে।

## বায়োমেডিক্যাল গবেষণায় অগ্রগতি এবং চ্যালেঞ্জগুলিতে প্রবৃত্তিসমূহ"

# দুদিন জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয় কলকাতায়



**উৎপল হাজরা:স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতায় সিসিআরএএস-সেন্ট্রাল আয়ুর্বেদ গবেষণা ইনস্টিটিউট নৌ ২৯ শে -৩০ শে জানুয়ারি, ২০২৪ সালে "বায়োমেডিক্যাল গবেষণায় অগ্রগতি এবং চ্যালেঞ্জগুলিতে প্রবৃত্তিসমূহ" নামে একটি দুদিন জাতীয় সেমিনার সফলভাবে অনুষ্ঠিত করে। সেমিনারে প্রমুখ বিশেষজ্ঞরা, গবেষকরা, ছাত্র-ছাত্রীরা এবং স্বাস্থ্য পেশাদারদের আকর্ষিত করা হয়েছিল, যারা বায়োমেডিক্যাল গবেষণার সাম্প্রতিক অগ্রগতিসমূহ এবং বাধাগুলিতে সমাধানের উপর আলোচনার সুযোগ দিয়েছিলেন। উদ্ঘাটন অধিবেশনে প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তিত্বগুলির উপস্থিতি ছিল, যেমন কলকাতার সিএসআইআর-আইআইসিবির ডায়রেক্টর ড. বিভা টন্ডন, প্রধান অতিথি হিসেবে, এবং ড. রাজীব রায়, ইমামী গ্রুপের আর এবং ডিরেক্টর হিসেবে, ড. জি. বাবু, সিএআরআই, কলকাতার ডায়রেক্টর, এবং ড. অমিত কুমার দীক্ষিত, এই ঘটনার আয়োজন সচিব। এই আয়োজনে বিভিন্ন বিষয়ে প্রমুখ উপস্থিত করে অত্যাধুনিক বিশেষজ্ঞ বাক্যবদ্ধ আলাপ হয়েছিল, যার মধ্যে জেনোমিক্স থেকে জৈব-প্রযুক্তিগত অবলম্বন পর্যন্ত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত ছিল। কলকাতার টাটা মেডিক্যাল সেন্টারের সাইটোজেনেটিক্স এবং প্যাথলজির প্রধান ডাঃ ময়ুর পারিহার, সিএসআইআর-সিসিএমবি, হাইদ্রাবাদের বিশেষ প্রধান বিজ্ঞানী ডাঃ জনেশ কুমার, আইআইটি ইন্দোরের বায়োমেডিক্যাল গবেষণার সহকারী প্রফেসর ডাঃ হেম চন্দ্র ঝা, আইপিজিএমঈআর, কলকাতার প্রফেসর মিতালি চ্যাটার্জি, বায়োটেকনোলজি স্কুলের প্রফেসর এইচ.এস. পরমার, ডাঃ সিএসআইআর-আইআইসিবি, কলকাতার বিজ্ঞানী ডাঃ এ.কে. শ্রীবাস্তব, আইসিএমআর, কলকাতার বিজ্ঞানী ডাঃ অমিত পাল, নাইসেড, আইসিএমআর, কলকাতার বিজ্ঞানী ডাঃ প্রদীপ কুমার নাইক, সম্বলপুর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডাঃ বি.কে. সরকার, সহায়ক নির্দেশক (ফার্মেসি) ডাঃ অনুপম কে। মঙ্গল, সহায়ক নির্দেশক (ফার্মাকোগনসি) ডাঃ শরদ ডি। পাওয়ার, সহায়ক নির্দেশক (ফার্মেকোলজি), ডাঃ টি.কে। মন্ডল, সহায়ক নির্দেশক (আয়ুর্বেদ) এবং মিসেস মনোষী দাস গবেষণা অধিকারী (রসায়ন বিজ্ঞান) সম্মানিত অধিবেশনের সংস্থা প্রধান বহন করেছিলেন, এবং ডাঃ সুশ্মিতা রায়, মিসেস শ্রেয়া দত্ত, ডাঃ রঞ্জিতা এক্কা, এবং শ্রী কল্যাণ হাজরা তকনীকী অধিবেশনের সংস্থা করেছিলেন।

এছাড়াও, সেমিনারে বিভিন্ন বিষয়ে ৩১ উৎসাহজনক স্থানিক প্রতিনিধিদের অনুষ্ঠান হয়েছিল যেমন গবেষণা ছাত্র-গবেষকরা, বিজ্ঞানী, শিক্ষার্থী এবং স্বাস্থ্য পেশাদারগণ, যারা সিএসআইআর, আইসিএমআর, জেআইএস বিশ্ববিদ্যালয়, ইসিপিটি, মাকৌট, নিহ, কলকাতা বিশ্ববিদ্যালয়, এবং সিএআরআই, কলকাতা প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান থেকে উতসাহজনক মৌখিক প্রদর্শন দেওয়া হয়েছিল। ভারতের বিভিন্ন অংশ থেকে ১০০ অধিক অংশগ্রহণকারী ইভেন্টে অংশগ্রহণ করেছিলেন।

উপসংহার অধিবেশনে "বায়োমেডিক্যাল গবেষণায় ভবিষ্যতের দিকনির্দেশ" সম্পর্কে একটি উত্তেজনাপূর্ণ প্যানেল আলোচনা এবং একটি পরিচালনা কার্যক্রম অন্তর্ভুক্ত ছিল, যেখানে ভারতীয় বিজ্ঞান শহরের নিদেশক শ্রী অনুরাগ কুমার, এনসিএসএম, কলকাতা, প্রধান অতিথি হিসেবে, এবং গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার দক্ষিণ-পূর্ব রেলওয়েস ডিপিসি ডাঃ কে.এ.জে. বাবু, প্রধান অতিথি হিসেবে, উপস্থিত ছিলেন। সেমিনার পরিবর্তনশীল স্বাস্থ্য পরিচালনায় বায়োমেডিক্যাল গবেষণায় সহযোগিতার গুরুত্বকে জোর দেয়ার উপর এবং চিকিৎসা পরিষেবাতে পরিবর্তনাত্মক নবাচারের জন্য একটি পথনির্দেশিকা তৈরি করেছিল।

## কন্যাশ্রীর টাকা পাইয়ে দেওয়ার টোপ দিয়ে

# নাবালিকাকে ধর্ষণ , গ্রেপ্তার অভিযুক্ত যুবক

**কাকদ্বীপ: নিউজ সারাদিন :** স্কুলের কন্যাশ্রী প্রকল্পের পাইয়ে দেওয়ার টোপ দিয়ে এক স্কুল ছাত্রীকে ধর্ষণের অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম নাজমুল হক। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ ।


এরপর ৩ পাতায়




## ন্যায় বিচারের জন্য

# প্রধানমন্ত্রীর কাছে দরাস্থ ভুক্তভোগী





प्रधान मंत्री कार्यालय
Prime Minister's Office
डाक अनुभाग
DAK SECTION
RECEIVED ON
Date 23/1/24

To,

Honorable prime minister.

Shri Narendra Modi ji,

South Block

New Delhi-110011

17th January 2024

Subject: grievance regarding the TMC councilor, named Farida Parveen of ward no 138, West Bengal, Kolkata and request to do an enquiry about the concerned matter.

Complaining regarding the following grievance:

1. Illegal accusation of land by TMC councilor Mrs. Farida Parveen
2. Demand of extortion by her, of 1 crore and share in building to suppress the matter
3. Not obeying the CIVIL AND HIGH COURT ORDERS, thus using the arbitrary power of her position.

Respected prime minister,

Shri Narendra Modi JI,

I am Dilwar Thander, Resident of west Bengal, Kolkata, . I am a businessman by profession, of a company named BM EKTA CONSTRUCTION INDIA LIMITED. Today I am writing this letter to draw your attention towards the injustice that is happening with me by the TMC ward councilor FARIDA PARVEEN, OF WARD 138, WEST BENGAL, KOLKATA, METIABRUZE.

Being the citizen of India I believe that everyone has the right to express their concern and grievances to our government so do I am here to seek justice.

Sir. I have bought a plot over here with all legal proceedings and procedure, Proper injunctions and documents are done. But recently, she has charged us rupees by making illegal demands. when we raised concern about the issue, she has TMC councilor Mrs. Farida Parveen, started to interfere in my property without my consent. We have tried to communicate with her several occasions, but demanded a extortion of 1 crore rupees, and share of market after it gets completed in return to suppress the issue. When we disobeyed her demand, she started to make these false allegations towards our company and us. From every level, she is pressuring us and no one is helping us in any way. Starting from police officials, Mayor Mr. Firhad Hakim and everyone whom we have gone for help, is been bias in every situation. No one is taking any action

The ward councilor, is claiming that it was a lake and therefore due to environmental concern the building couldn't be build there. however, we have the prove and all documents which certifies that, it was fit to construct building there because the statement made by Mrs. Farida Parveen was abut 30 years back situation, because it is an barren concrete land since 40 years.

We have approached the civil court, after that HIGH COURT as well. But she is not following the orders. She is claiming that the place is illegally acquired by us and she has order from high officials, thus denying the orders and all the proves and documents.

**কলকাতা: নিউজ সারাদিন :** নির্মাণের জন্য এক কোটি টাকা এবং পাঁচটি দোকানের দাবি, ভুক্তভোগীর অভিয়োগ দাবি পূরণ না হলে কাউন্সিলর তার জমি খনন করে পুকুর তৈরি করেন।এবার হাইকোর্টের নির্দেশ অমান্য কাঠগড়ায় মেটিয়াবুর্জের কাউন্সিলর। এমন পরিস্থিতিতে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে ন্যায় বিচারের আবেদন জানিয়েছেন ভুক্তভোগী। ঘটনাটি বন্দর এলাকার মাটিয়াবুর্জের। উপরোক্ত অভিযোগ তুলে ভুক্তভোগী বিএম একতা কনস্ট্রাকশনের প্রধান ও তৃণমূল কর্মী দিলওয়ার থান্ডার আজ সাংবাদিকদের কাছে উপরোক্ত তথ্য জানান, থান্ডার বলেন, বিচার না পেলে আমার সর্বনাশ হবে। উপরোক্ত অভিযোগ করে দিলওয়ার থান্ডার বলেছেন যে মাটিয়াবুর্জ বিধানসভার ১৩৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ফরিদা পারভীন নির্মাণের জন্য তার কাছে ১ কোটি রুপি এবং পাঁচটি দোকান দাবি করেছিলেন। ইতিমধ্যে কয়েকবার টাকা দিলেও কাউন্সিলর তার জমি জেসিপির মাধ্যমে খনন করে পুকুরের মতো করে দেন। হাইকোর্ট খনির কাজ অবিলম্বে বন্ধের নির্দেশ দিলেও কাউন্সিলর তাতে কর্ণপাত করছেন না। দিলওয়ার থান্ডার একটি সংবাদ সম্মেলনে সাংবাদিকদের জানান, তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে উল্লিখিত মামলার অভিযোগ করে একটি চিঠি লিখেছেন যাতে তিনি পিএমও মামলায় ন্যায়বিচার পেতে পারেন। থান্ডার দাবি করেছেন যে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং ডায়মন্ড হারবার সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের প্রতি তাঁর অগাধ বিশ্বাস রয়েছে যে তারা ন্যায়বিচার পাবেন।

## বাংলাকে দুর্নীতি ও হিংসার হাত থেকে বাঁচাতে

# এক হয়ে লড়াই করতে হবে : রাজ্যপাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ ৩০ শে জানুয়ারি জাতির জনক মহাত্মা গান্ধীর তিরোধান দিবস। বারাকপুর গান্ধীঘাটে গান্ধীর মূর্তি পাদদেশে মাল্যদান করেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস উপস্থিত পুলিশের উচচপদস্থ আধিকারিকরা। উপস্থিত ছিলেন ব্যারাকপুরের সাংসদ অর্জুন সিং সেচ মন্ত্রী পার্থ ভৌমিক । সর্বধর্ম প্রার্থনার আয়োজন করা হয়। এরপর রাজ্যপাল সাংবাদিদের মুখোমুখি হয়ে বলেন শেখ শাহজাহান প্রসঙ্গে বলেন

এরপর ৩ পাতায়



১-ম পাতার পর

# বাংলায় রাষ্ট্রপতি শাসনের দাবি, আসলে বিজেপি-র হাত শক্ত করছেন অধীর: অভিষেক

চলে গেলে কার লাভ? বিজেপি-র লাভ। তাহলে কার হাত শক্ত করছেন? প্রদেশ কংগ্রেস সভাপতি যখন বিজেপি-র লাভের কথা বলছেন, বিজেপি-র ট্রোজান হর্স তাহলে কে?" অভিষেক আরও বলেন, "আসন সমনঝোতা হয়নি, কার জন্য হয়নি, মানুষ দেখুন। আমরা চেয়েছিলাম আসন সমঝোতা নিয়ে কথা হোক। একদিনই সমন্বয় কমিটির বৈঠক হয়। সেই দিনই ইডি ডেকে পাঠানোয়, ইচ্ছে থাকা সত্ত্বেও সেখানে যেতে পারিনি আমি। জোট কয়টি আসন পাবে, কে, কোথায় জিতবেন, কেউ বলতে পারবেন না, মানুষ বলতে পারবেন। মানুষের উপরই ছেড়ে দেওয়া হোক। মানুষ কোথায় কাকে জেতাবেন, তাঁদের উপরই ছেড়ে দেওয়া হোক।" "অভিষেকের কথায়, একদিকে কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব বলছেন, মমতাকে ছাড়া জোট ভাবাই যায় না। আবার আলোচনাতেও আসতে রাজি হচ্ছেন না। কংগ্রেসের প্রদেশ নেতৃত্ব বলছেন, ইডি-সিবিআই বাল কাজ করছে। দিল্লিতে নয়, বাংলায় ভাল কাজ করছে। বলছেন, মমতা বন্দ্যোপাধ্যায় নাকি সরকার চালাতে পারছেন না। মমতা বন্দ্যোপাধ্যায়কে বিজেপি-র বি টিম বলছেন। কিন্তু যিনি বিজেপি-র বিরুদ্ধে জোটে লড়ছেন, তাঁকে আক্রমণ করে কে বিজেপি-কে সুযোগ করে দিচ্ছে, মানুষ বুঝছেন।" সাংবাদিক বৈঠক করে মমতাকে আক্রমণ করলেও, বাংলার প্রতি বঞ্চনা নিয়ে অধীর কত বার কেন্দ্রের বিরুদ্ধে মুখ খুলেছেন, কত বার বাংলার মানুষের প্রাপ্য বুঝিয়ে দিতে বলেছেন, প্রশ্ন তুলেছেন অভিষেক।আসন সমঝোতায় কংগ্রেসের গড়িমসির জন্যই মমতা একা লড়াইয়ের সিদ্ধান্ত নিয়েছেন বলেও জানান অভিষেক। তিনি জানান, একাধিক বার জোটের বৈঠক হয়েছে। দফায় দফায় বৈঠক হয়েছে কংগ্রেস শীর্ষ নেতৃত্বের সঙ্গে। শেষ বার দিল্লিতে যখন বৈঠক হয়, সেখানেই মমতা জানিয়ে দেন, ৩১ ডিসেম্বরের মধ্যে আসন সমঝোতা সেরে ফেলতে হবে। কে, কোথায় লড়বেন, স্পষ্ট জানাতে বলা হয়েছিল। তৃণমূল দ্রুত সব সেরে ফেলার পক্ষপাতী ছিল বরাবরই। বিহারে প্রথম বৈঠকেও জানিয়ে দেওয়া হয়। কিন্তু তার পর একাধিক বৈঠক হলেও, কিছু হয়নি। আলোচনাতেই অংশ নেয়নি কংগ্রেস। তাই কেউ না চাইলে জোর করে এগনো যায় না বলে দাবি অভিষেকের।

১-ম পাতার পর

# শাহজাহানের বিরুদ্ধে প্রমাণ দিতে সময় চাইল ইডি

হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন শাহজাহান। সন্দেশখালির ঘটনা নিয়ে যখন হাই কোর্টের দ্বারস্থ হয়েছিল ইডিও, তখন পাল্টা শাহজাহান আইনজীবী মারফত আদালতকে জানান, তিনি ওই মামলায় যুক্ত হয়ে নিজের বক্তব্য জানাতে চান। কিন্তু সেই আর্জি পরে ফিরিয়েও নেন শাহজাহান। সোমবার প্রথম আগাম জামিন চেয়ে মামলা করলেন তিনি।

মঙ্গলবার কলকাতার নগর দায়রা আদালতে শুনানি ছিল শেখ শাহজাহানের আগাম জামিন মামলাটির। সেই মামলা আদালতে শুনানির জন্য উঠতেই শাহজাহানের আইনজীবীরা প্রশ্ন তোলেন, কেন শাহজাহানকে তলব করছে ইডি? তাঁর বিরুদ্ধে তাঁদের হাতে কী প্রমাণ আছে? এরই জবাবে ইডি আদালতকে জানায়, যে হেতু শাহজাহানের আগাম জামিনের আবেদনটি সোমবারই জমা পড়েছে, তাই এ ব্যাপারে প্রস্তুত ছিল না ইডি। প্রমাণ দাখিলের জন্য আদালতের কাছে শনিবার পর্যন্ত সময় চায় তারা। এ কথা শুনে বিচারক শাহজাহানের মামলাটি শনিবার পর্যন্ত পিছিয়ে দেন। এ কথা শুনে শাহজাহানের আইনজীবীরা পাল্টা আদালতকে বলেন, সে ক্ষেত্রে শনিবার পর্যন্ত যাতে শাহজাহানের বিরুদ্ধে কোনও কঠিন পদক্ষেপ না করা হয়, তার জন্য 'নো-কোঅরসিভ অ্যাকশন'-এর নির্দেশ দিক আদালত। সে প্রসঙ্গেই উড়ে আসে ইডির আইনজীবীর মন্তব্য। শাহজাহানের আইনজীবীর অনুরোধ শুনেই বিচারক বলে দিয়েছিলেন, তিনি এ ধরনের কোনও নির্দেশ দেবেন না। অর্থাত শনিবার পর্যন্ত শাহজাহানের বিরুদ্ধে কঠিন পদক্ষেপ না করার আর্জি সরাসরি খারিজ করে দেয় আদালত। সেই সময়েই আদালত কক্ষে দাঁড়িয়ে ইডির আইনজীবী বলেন, "আপনারা তো খুবই নো-কোঅরসরিভ (নরম মনোভাব) দেখিয়েছেন!" রেশন মামলার তদন্তে নেমে মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের থেকে পাওয়া নামের সূত্র ধরে শাহজাহানের বাড়িতে পৌঁছেছিল ইডি। কিন্তু গত ৫ জানুয়ারি শাহজাহানের সন্দেশখালির বাড়িতে তল্লাশি চালাতে গেলে শাহজাহানের অনুগত গ্রামবাসীদের আক্রমণের মুখে পড়তে হয় ইডিকে। জখম ইডি অফিসারদের হাসপাতালে ভর্তি করাতে হয়। মুখে না বললেও মঙ্গলবার আদালতে ইডি সে কথাই মনে করিয়ে দিয়েছেন বলে অনেকের ধারণা।


১-ম পাতার পর

# মুর্শিদাবাদের জন্য হাজার কোটির বেশি উপহারের ডালি নিয়ে যাচ্ছেন মুখ্যমন্ত্রী

প্রশাসনের এক শীর্ষ কর্তা জানান, বুধবার বেলা তিনটে নাগাদ মুখ্যমন্ত্রী মালদা থেকে হেলিকপ্টার করে বহরমপুর স্টেডিয়ামে এসে পৌঁছবেন। এখনও পর্যন্ত স্থির রয়েছে মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে প্রায় ৮৮০ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করবেন এবং ১৮১ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করবেন। সব মিলিয়ে মুর্শিদাবাদ জেলাবাসী লোকসভা নির্বাচনের আগে প্রায় এক হাজার কোটি টাকার বেশি উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা পেতে চলেছেন।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, মুখ্যমন্ত্রী সামশেরগঞ্জ এবং লালগোলা ব্লকে নদী পাড় পুনরুদ্ধারের বেশ কিছু কাজের শিল্যানাস করবেন। এর পাশাপাশি বহরমপুরের কাশিমবাজার একটি ৩১/১১ কেভি সাবস্টেশন উদ্বোধন এবং বেলডাঙ্গা ২ এবং মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকে ভাগীরথী নদীর ভাঙ্গন প্রতিরোধ কাজের শিল্যানাস করবে।


আন্তর্জাতিক কলকাতা বই মেলাতে




পাওয়া যাচ্ছে

সুন্দরবন ও সুন্দরবনবাসী

বইটি

স্টল নম্বর ৩৭৬/৪৩৫

তাছাড়াও

SUNDARBAN O SUNDARBANBASI

By

Mrityunjoy Sarder

Published by

UJJAL SAHITYA MANDIR & SARADIN

C-3 College Street Market

Calcutta-700007


# মহাত্মা গান্ধীর প্রয়াণবার্ষিকীতে শ্রদ্ধাজ্ঞাপন প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ৩০ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়াণবার্ষিকীতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। এক্স হ্যান্ডলে এক পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন:

"পূজনীয় বাপুর প্রয়াণদিবসে শ্রদ্ধা নিবেদন করেছি। যেসব বীর শহীদ জাতির জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন তাঁদেরও শ্রদ্ধা জানাই। তাঁদের আত্মত্যাগ মানুষের জন্য কাজ করতে এবং দেশকে নিয়ে যে স্বপ্ন তাঁরা দেখেছিলেন, তা পূর্ণ করতে আমাদের অনুপ্রাণিত করে।"

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত', (১০৯ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ -

(শেষ পর্ব)

যেখানে এই পৃথিবীতে অনেক দেশের ভোটিং পারসেন্ট কম হচ্ছে, ভারতে সেখানে ভোট দানের শতকরা হার বেড়েই চলেছে। ১৯৫১-৫২ সালে যখন দেশের প্রথমবার নির্বাচন হয়েছিল তখন প্রায় ৪৫ শতাংশ ভোটদাতা ভোট দান করেছিলেন। এখন এই পরিসংখ্যান অনেকটা বেড়েছে। দেশে শুধুমাত্র ভোটদাতার সংখ্যাই বাড়েনি বরং টার্ন-আউটও বেড়েছে। আমাদের যুব ভোটদাতারা যাতে রেজিস্ট্রেশনের জন্য বেশি সুযোগ পান এর জন্য সরকার আইনের ক্ষেত্রেও পরিবর্তন করেছে। এটা দেখে আমার ভালো লাগে যে ভোটারদের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্য সামগ্রিক স্তরে নানা প্রচেষ্টা চলছে। অনেকেই বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের ভোট দানের বিষয়ে বলছেন কোথাও ছবি এঁকে, কোথাও পথনাটিকা পরিবেশনের মাধ্যমে যুবক-যুবতীদের আকর্ষণ করার চেষ্টা চলছে। এমন প্রত্যেক প্রচেষ্টা আমাদের গণতন্ত্রের উৎসবে ভিন্ন ভিন্ন রং প্রদান করছে। আমি "মন কি বাত"-এর মাধ্যমে আমার ফার্স্ট টাইম ভোটার্সদের বলব যে তারা যেন ভোটের লিস্টে নিজের নাম অবশ্যই অন্তর্ভুক্ত করে। National Voter service পোর্টাল এবং ভোটার হেল্পলাইন অ্যাপের-এর মাধ্যমে তারা খুব সহজেই এই কাজ অনলাইনে করতে পারবেন। আপনারা এটা সব সময় মনে রাখবেন যে আপনাদের একটা ভোট দেশের ভাগ্য বদলে দিতে পারে, দেশের ভাগ্য তৈরি করতে পারে।

আমার প্রিয় দেশবাসী, আজ ২৮ জানুয়ারি ভারতের এমন দু'জন মহান ব্যক্তির জন্ম জয়ন্তী যাঁরা ভিন্ন ভিন্ন সময়ে দেশভক্তির নিদর্শন রেখেছেন। আজ দেশ পাঞ্জাব কেশরী লালা লাজপত রায়জীকে শ্রদ্ধাঞ্জলি প্রদান করছে। লালাজি স্বাধীনতা-সংগ্রামের এক এমন যোদ্ধা যিনি বিদেশি শাসন থেকে মুক্তি প্রদানের জন্য নিজের জীবন আহুতি দিয়েছিলেন।

লালা'জীর ব্যক্তিত্বকে শুধুমাত্র স্বাধীনতা সংগ্রামের মধ্যেই সীমাবদ্ধ রাখা যায় না। তিনি ছিলেন অত্যন্ত দূরদর্শী। Punjab National Bank এবং আরো বহু প্রতিষ্ঠান তৈরীতে তাঁর ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। তাঁর উদ্দেশ্য শুধুই আমাদের দেশ থেকে বিদেশীদের বিতাড়িত করা ছিল না, আমাদের দেশকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করার Vision'ও তার চিন্তাভাবনার একটা গুরুত্বপূর্ণ অংশ ছিল। তাঁর মতাদর্শ এবং আত্মত্যাগ ভগৎ সিং'কে ভীষণ উদ্বুদ্ধ করেছিল।

আজ ফিল্ড মার্শাল কে. এম. করিয়প্পা'জি-কে'ও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করার দিন। ইতিহাসের একটা খুব গুরুত্বপূর্ণ সময়ে তিনি আমাদের সেনাবাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন এবং শৌর্য ও সাহসের দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। আমাদের সেনাবাহিনীকে শক্তিশালী করে তুলতে তার অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমার প্রিয় দেশবাসী, এখন খেলাধুলার জগতেও ভারত প্রতিদিন নতুন উচ্চতা স্পর্শ করছে। ক্রীড়াজগতের অগ্রগতির জন্য খেলোয়াড়দের আরো বেশি করে খেলার সুযোগ পাওয়া এবং দেশে আরো বেশী করে Sports Tournament-এর আয়োজন হওয়া প্রয়োজন। এই চিন্তা ভাবনা মাথায় রেখে এখন ভারতে নতুন নতুন sports tournament-এর আয়োজন করা হচ্ছে। কয়েকদিন আগে চেন্নাইয়ে 'খেলো ইন্ডিয়া ইউথ গেমস'-এর উদ্বোধন হয়েছে। সেখানে আমাদের দেশের ৫ হাজারেরও বেশি athletes অংশগ্রহণ করছেন। আমি অত্যন্ত আনন্দিত যে এখন ভারতে এই ধরনের নতুন platform ক্রমাগত তৈরি হচ্ছে, যেখানে খেলোয়াড়রা নিজেদের যোগ্যতা প্রমাণ করার সুযোগ পাচ্ছে। এমনই একটা platform তৈরি হয়েছে--beach games-এর, এটির আয়োজন করা হয়েছিল দিউ-এর অভ্যন্তরে। আপনারা নিশ্চয়ই জানেন যে "দিউ" একটি কেন্দ্র-শাসিত অঞ্চল এবং সোমনাথের একদম কাছে।

এই বছরের শুরুতেই দিউতে এই বিচ গেমসের আয়োজন করা হয়েছিল। এটি ভারতের প্রথম মাল্টি-স্পোর্টস বিচ গেম ছিল। এর মধ্যে ছিল Tug of war, Sea swimming, pencak silat, মালখাম্ব, Beach volleyball, Beach KvevwW, Beach soccer এবং বিচ বক্সিংয়ের মতো প্রতিযোগিতা। এতে, প্রত্যেক প্রতিযোগী তার প্রতিভা প্রদর্শনের পর্যাপ্ত সুযোগ পেয়েছে এবং আপনি জেনে অবাক হবেন যে এই টুর্নামেন্টে অনেক খেলোয়াড় এসেছিল এমন রাজ্য থেকে যাদের সমুদ্রের সাথে দূর-দুরান্তেও কোন যোগাযোগ নেই। মধ্যপ্রদেশ এই টুর্নামেন্টে সর্বোচ্চ পদক জিতেছে, যেখানে কোনো সমুদ্র সৈকত নেই। খেলাধুলার প্রতি এই মনোভাব যে কোনো দেশকে ক্রীড়া জগতের সর্বশ্রেষ্ঠ করে তোলে।

আমার প্রিয় দেশবাসী, "মন কী বাতে" আমার সঙ্গে এবার এইটুকুই। ফেব্রুয়ারিতে আবার আপনাদের সঙ্গে কথা হবে। দেশের মানুষের সম্মিলিত প্রচেষ্টায়, ব্যক্তিগত প্রচেষ্টায় কী ভাবে দেশ অগ্রসর হচ্ছে, এই বিষয়েই আমাদের focus থাকবে।

বন্ধুরা, আগামীকাল, ২৯ তারিখ, সকাল ১১টায় আমি 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানটিও করব। পরীক্ষা পে চর্চা-র এটা সপ্তম সংস্করণ। এটি এমন একটি অনুষ্ঠান যার প্রতীক্ষা আমি সবসময় করি। এর মাধ্যমে আমি students-দের সঙ্গে কথাবার্তা বলার সুযোগ পাই, এবং আমি ওঁদের পরীক্ষা সংক্রান্ত চিন্তা নিরসন করার প্রচেষ্টা করি।

বিগত ৭ বছরে "পরীক্ষা পে চর্চা" শিক্ষা ও পরীক্ষা সম্পর্কিত বেশ কিছু বিষয় নিয়ে আলোচনা করার খুব ভাল মাধ্যম হিসেবে উঠে এসেছে। আমি খুব খুশি যে এবার সওয়া দু'কোটিরও বেশি বিদ্যার্থী এর জন্যে রেজিস্ট্রেশন করেছেন এবং এর ব্যাপারে নিজস্ব inputs-ও দিয়েছেন। আমি আপনাদের জানিয়ে দিই যে যেবার প্রথম ২০১৮-তে আমরা এই অনুষ্ঠান শুরু করেছিলাম তখন এই সংখ্যাটি কেবল ২২,০০০ ছিল। students-দের অনুপ্রাণিত করার জন্য ও পরীক্ষা সংক্রান্ত চাপ ও চিন্তা নিয়ে সচেতনতা বাড়ানোর জন্য বহু অভিনব পদক্ষেপও নেওয়া হয়েছে। আমি আপনাদের সবার কাছে, বিশেষ করে যুবাদের কাছে, বিদ্যার্থীদের কাছে, অনুরোধ করব যে তাঁরা কাল record সংখ্যায় শামিল হোন। আমারও আপনাদের সঙ্গে কথা বলতে ভাল লাগবে।

এই কথাগুলোর সঙ্গেই আমি "মন কী বাতের" এই পর্ব-এ আপনাদের থেকে বিদায় নিচ্ছি। শিগগিরি আবার দেখা হবে। ধন্যবাদ।

## চণ্ডীগড় বিশ্ববিদ্যালয়ের আচার্য শ্রী সতনাম সিং সান্ধু-কে

# রাষ্ট্রপতি রাজ্যসভায় মনোনীত করায় সন্তোষপ্রকাশ প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ৩০ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী চণ্ডীগড় বিশ্ববিদ্যালয়ের আচার্য শ্রী সতনাম সিং সান্ধু-কে রাষ্ট্রপতি রাজ্যসভায় মনোনীত করায় সন্তোষপ্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন:

"আমি আনন্দিত যে, রাষ্ট্রপতিজি শ্রী সতনাম সিং সান্ধুজিকে রাজ্যসভায় মনোনীত করেছেন। একজন বিশিষ্ট শিক্ষাবিদ এবং সমাজকর্মী হিসেবে সতনামজি-র বিশেষ খ্যাতি রয়েছে, যিনি বিভিন্নভাবে তৃণমূলস্তরে মানুষের সেবা করে চলেছেন। জাতীয় সংহতি মজবুত করার লক্ষ্যে তিনি সর্বদা কাজ করে এসেছেন এবং প্রবাসী ভারতীয়দের জন্যও তিনি কাজ করেছেন। তাঁর সংসদীয় যাত্রার জন্য শুভেচ্ছা জানাচ্ছি এবং আমার বিশ্বাস, তাঁর মতামত রাজ্যসভার কার্যক্রমকে সমৃদ্ধ করবে।

২ পাতার পর

# কন্যাশ্রীর টাকা পাইয়ে দেওয়ার টোপ দিয়ে নাবালিকাকে ধর্ষণ , গ্রেপ্তার অভিযুক্ত যুবক

ধৃতের বিরুদ্ধে ধর্ষণের মামলা রুজু হয়েছে। স্থানীয় সূত্রের খবর, নাজমুল এলাকায় তৃণমূল কর্মী হিসেবে পরিচিত। স্থানীয় একটি পঞ্চায়েতের তৃণমূলের উপপ্রধানের ঘনিষ্ঠ । এমন কি ওই পঞ্চায়েতের বিভিন্ন কাজকর্মও সে দেখাশোনা করে। বছর তেত্রিশের নাজমুলের সঙ্গে বছর দুয়েক আগে ওই স্কুলছাত্রীর সম্পর্ক তৈরি হয়। অভিযোগ, ওই নাবালিকাকে কন্যাশ্রী প্রকল্পের সুবিধা পাইয়ে দেওয়ার নাম করে বিভিন্ন হোটেলে নিয়ে গিয়ে একাধিকবার ধর্ষণ করে নাজমুল। কিন্তু এরপর বিয়ে করতে বললে নাজমুল বেঁকে বসে। এরপরই নাবালিকার পরিবারের তরফে ঢোলাহাট থানায় অভিযোগ দায়ের করা হয় । সেই অভিযোগে ভিত্তিতে অভিযুক্তকে গ্রেফতার করে ঢোলাহাট থানার পুলিশ।

২ পাতার পর

# বাংলাকে দুর্নীতি ও হিংসার হাত থেকে বাঁচাতে এক হয়ে লড়াই করতে হবে : রাজ্যপাল

অপরাধী ধরা পড়বে ধৈর্য ধরুন আইন আইনের মত চলবে।

সেই সঙ্গে তিনি এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যের পরিস্থিতি নিয়ে বলেন "বাংলাকে দুর্নীতি ও হিংসার হাত থেকে বাঁচাতে এক হয়ে লড়াই করতে হবে এবং " সব কো সম্মতি দে ভগবান 'গান্ধীজির এই বাণী স্বরন করতে হবে"।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ০৩০ সংখ্যা ৩১ জানুয়ারী, ২০২৪ বুধবার ১৬ মাঘ, ১৪৩০

## সম্পাদকীয়

# শহরের রাস্তায় আর দেখা মিলবে না ভিখারির, উদ্যোগ কেন্দ্রের

মোদি সরকারের বড় পদক্ষেপ। 'ভিক্ষাবৃত্তিমুক্ত ভারত'। আর তারই প্রথম ধাপ হিসাবে দেশের ৩০টি শহরকে চিহ্নিত করল কেন্দ্র। তালিকায় রয়েছে উত্তরের অযোধ্যা থেকে দক্ষিণের তিরুবনন্তপুরম। পূর্বের গুয়াহাটি থেকে পশ্চিমের ত্রম্ব্যকেশ্বর। টার্গেট-
২০২৬ সালের মধ্যে এই শহরগুলোকে 'ভিখারিমুক্ত'করা।এখনও পর্যন্ত যা খবর, তা অনুযায়ী-ধর্মীয়, ঐতিহাসিক তথা পর্যটন গুরুত্বের নিরিখে প্রাথমিকভাবে বেছে নেওয়া হয়েছে তিরিশটি শহর। আগামী দুবছরে আরও শহর এই তালিকার আওতায় আসবে বলে সূত্রের খবর। ধর্মীয় গুরুত্বের কথা বিচার করে যে শহরগুলোকে চিহ্নিত করা হয়েছে, সেগুলো হল অযোধ্যা, কাংড়া, ওমকারেশ্বর, উজ্জয়িনী, সোমনাথ, পাভাগড়, ত্র্যম্বকেশ্বর, বোধগয়া, গুয়াহাটি ও মাদুরাই। পর্যটনের জন্য বিখ্যাত শহরের তালিকায় রয়েছে বিজয়ওয়াড়া, কেভাদিয়া, শ্রীনগর, নামসাই, কুশিনগর, সাঁচি, খাজুরাহো, জয়সলমের, তিরুবনন্তপুরম, পুদুচেরি, অমৃতসর, উদয়পুর, কটক, ইন্দোর, সিমলা ও তেজপুর। তিরিশ বাছাই শহরের মধ্যে ২৫টি থেকে অ্যাকশন প্ল্যান ইতিমধ্যেই গৃহীত। সাঁচির তরফে জানানো হয়েছে, তাদের শহরে ভিখারি নেই। তাই যেন অন্য শহর বেছে নেওয়া হয়। সমীক্ষা সংক্রান্ত প্রাথমিক পর্বের কাজ সমাপ্ত হয়েছে কোঝিকোড়, বিজয়ওয়াড়া, মাদুরাই এবং মাইসুরুতে।বিশেষ করে মহিলা এবং শিশুদের ভিক্ষাবৃত্তি থেকে নিবৃত্ত করা।

জানা গিয়েছে, প্রাথমিকভাবে বাছাই করা তিরিশ শহরে সমীক্ষা চালানো হবে। কোন কোন শহরে ভিখারিদের সংখ্যা বেশি, তাঁদের 'হটস্পট'কোনগুলো, কোন কোন শহরকে আগে ভিখারিমুক্ত করা দরকার-এই সমস্ত খতিয়ে দেখা হবে। তার পর সেই ফলাফলের ভিত্তিতে পদক্ষেপ করা হবে। বন্দোবস্ত করা হবে পুনর্বাসনের। উদ্যোগ কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের।

প্রান্তিক মানুষের পাশে থাকার জন্য 'সাপোর্ট ফর মার্জিনালাইজড ইনডিভিজুয়ালস ফর লাইভলিহুড অ্যান্ড এন্টারপ্রাইজেস' তথা 'স্মাইল' প্রকল্পের আওতায় এগোচ্ছে কাজ। এই উদ্যোগের নজরদারি এবং সফল বাস্তবায়নের জন্য একটি সর্বভারতীয় পোর্টাল এবং একটি মোবাইল অ্যাপ আনছে কেন্দ্রীয় সরকার। সেখানে যাবতীয় তথ্য থাকবে। চিহ্নিত শহরগুলোর ভিখারিদের ঠিকমতো আশ্রয় দেওয়া হচ্ছে কি না, তাঁরা শিক্ষা পাচ্ছেন কি না- সমস্ত আপডেট পাওয়া যাবে অ্যাপ ও পোর্টালে। ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে আসতে চলেছে সেই অ্যাপ আর পোর্টাল।

## সুকমায় সিআরপিএফের নতুন পুলিশ ক্যাম্পে

# নকশালদের হামলা, ৩ জওয়ান শহিদ, আহত কমপক্ষে ১৪

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সুকমা জেলার মাওবাদী এলাকা তেকুলাগুদামে সিআরপিএফ-এর নতুন পুলিশ ক্যাম্পে হামলা চালাল নকশালরা। এ হামলায় আহত হয়েছেন ১৪ জন সেনা। সিআরপিএফ কোবরা এবং ডিআরজি কর্মীদের সাথে নকশালদের মধ্যে এনকাউন্টার অব্যাহত রয়েছে। আহতদের মধ্যে এক জওয়ানের অবস্থা আশঙ্কাজনক। নকশালদেরও ক্ষতি হয়েছে বলে দাবি করা হচ্ছে।আহত সৈন্যরা জানিয়েছেন যে সুকমা পুলিশ আজই তেকুলগুদামে নিরাপত্তা বাহিনীর কর্মীদের জন্য একটি নতুন ক্যাম্প খুলেছে। এসটিএফ এবং ডিআরজি কর্মীরা ক্যাম্পের কাছে জোনাগুদা-আলিগুড়ার দিকে টহল দিয়েছিলেন। বস্তার আইজি সুন্দররাজ পি ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এই ঘটনায় মোট ১৭ জন সেনা জওয়ান আহত হয়েছিলেন যার মধ্যে তিনজন সৈন্য শহিদ দিয়েছিল। আহত সেনাদের হেলিকপ্টারে করে জগদলপুর মেডিকেল কলেজে রেফার করা হয়েছে। চার সেনার অবস্থা আশঙ্কাজনক, যাদের রায়পুরে রেফার করা হয়েছে। কোবরা ব্যাটালিয়ন এবং ডিআরজি সৈন্যদের সাথে এখনও এনকাউন্টার চলছে।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব




-: মৃত্যুঞ্জয় সরদার :-

মাথায় জটা, জটায় সাপ আর পরনে বাঘছালই অন্যান্যদের থেকে আলাদা করে দেয় শিব ঠাকুরকে। শিবের কাহিনি অনাদি কালের। হরপ্পা সভ্যতায় পূজা পেতেন এক যোগী পশুপতি। পরবর্তী কালের আর্য ঋষিরা পশুপালক ভেষজরক্ষক একাদশ রুদ্রের স্তোত্র রচনা করেছেন। আর্য ঋষিরা কিন্তু লিঙ্গ-উপাসক শিশ্নদেব, উন্মত্তবৎ আচরণ করা কেশী ও পিঙ্গলবস্ত্রধারী মুনিদের কথা জানতেন । বৌদ্ধদের মতে শিব হলেন দেবপুত্ত।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# হিন্দু ধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)

রক্ষা করে তাদের ক্ষত্রিয়, ব্যাবসায়ী ও শিক্ষিত ব্যাক্তিদের বৈশ্য এবং বাকী মানুষদের শূদ্র বলা হত। এই ভাগ হয়েছিল কর্মের ভিত্তিতে।

হিন্দু সোনা তিনি ধর্মের ইতিহাস বলতে গেলেই বলতে হয়,হিন্দু শব্দটির উৎপত্তি হিন্দুধর্ম একাধিক ধর্মীয় ঐতিহ্যের সমন্বয়ে গঠিত। এই ধর্মের কোনো একক প্রতিষ্ঠাতা নেই। লৌহযুগীয় ভারতেরঐতিহাসিক বৈদিক ধর্মে এই ধর্মের শিকড় নিবদ্ধ। হিন্দুধর্মকে বিশ্বের "প্রাচীনতম জীবিত ধর্মবিশ্বাস" মতবাদ আখ্যা দেওয়া হয়।

অনেকের মতে হিন্দু শব্দটি আর্যদেরকে আফগানিস্তানের বাসিন্দা বা আফগানেরা দিয়েছে তারা সিন্দু নদের তীরবর্তীসনাতন ধর্মের সাধু সন্ন্যাসিদেরকে হিন্দু বলত, আর এই ভাবেই হিন্দু নামটি এসেছে। কিন্তু এই তথ্যটি ঐতিহাসিকভাবে সত্যতা নিশ্চিত করে না।

হিন্দু শব্দটি উৎসারিত হয়েছে সংস্কৃত সিন্ধু শব্দটি থেকে। সিন্ধু ভারতীয় উপমহাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের একটি ঐতিহাসিক নদীর নাম ঋগ্বেদে সিন্ধু নদের স্তুতি করা হয়েছে। পরবর্তীকালের আরবি সাহিত্যেও আল-হিন্দ শব্দটির মাধ্যমে সিন্ধু নদ অববাহিকায় বসবাসকারী জনগোষ্ঠীকে বোঝানো হয়েছে।প্রকৃতপক্ষে ৭১২ খৃষ্টাব্দে যখন মুহাম্মদ বিন কাসিম সিন্ধু প্রদেশ জয় করেন তখন থেকে তাদের মধ্যে সিন্ধুর স্থলে হিন্দ শব্দটির ব্যাপক প্রচলন ঘটে। ত্রয়োদশ শতাব্দীতে ভারতের নামের সমার্থক শব্দ হিসেবে হিন্দুস্তান বা হিন্দুস্থান শব্দটির উৎপত্তি হয়। এই শব্দের আক্ষরিক অর্থ "হিন্দুদের দেশ"।

হিন্দু ধর্মের সংজ্ঞা ও পরিচিতি

প্রথমদিকে হিন্দু শব্দটি ধর্মনির্বিশেষে ভারতীয় উপমহাদেশের সকল অধিবাসীদের ক্ষেত্রে প্রযোজ্য ছিল। কেবলমাত্র চৈতন্যচরিতামৃত ও চৈতন্য ভাগবত ইত্যাদি কয়েকটি ষোড়শ-অষ্টাদশ শতাব্দীর বাংলা গৌড়ীয় বৈষ্ণব ধর্মগ্রন্থে যবন বা ম্লেচ্ছদের থেকে হিন্দুধর্মাবলম্বীদের পৃথক করার জন্য শব্দটি বিশেষভাবে ব্যবহৃত হয়ে। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ইউরোপীয় বণিক ও ঔপনিবেশিক শাসকেরা ভারতীয় ধর্মবিশ্বাসগুলির অনুগামীদের একত্রে হিন্দু নামে অভিহিত করে। ধীরে ধীরে এই শব্দটি আব্রাহামীয় ধর্মসমূহ অথবা অবৈদিক ধর্মবিশ্বাসগুলির (যেমন জৈনধর্ম, বৌদ্ধধর্ম ও শিখধর্ম) অনুগামী নন এবং সনাতন ধর্ম নামক ধর্মীয় ঐতিহ্যের সঙ্গে সম্পর্কযুক্ত এমন সকল ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হয়ে পড়ে।

ইংরেজি ভাষাতে ভারতের স্থানীয় ধর্মীয়, দার্শনিক ও সাংস্কৃতিক ঐতিহ্যগুলি বোঝাতে হিন্দুইজম বা হিন্দুধর্ম কথাটি চালু হয় ঊনবিংশ শতাব্দীতে।

ভারতের প্রথম উপরাষ্ট্রপতি তথা বিশিষ্ট দার্শনিক সর্বপল্লী রাধাকৃষ্ণন হিন্দুধর্মের সংজ্ঞা দিতে গিয়ে একে "একটি বিশ্বাসমাত্র" বলতে অস্বীকার করেন। বরং এই ধর্মের যুক্তি ও দর্শনের দিকটি বিচার করে তিনি খোলাখুলিভাবেই এই মত ব্যক্ত করেন যে হিন্দুধর্মের সংজ্ঞা দান করা অসম্ভব। শুধুমাত্র এই ধর্ম অনুশীলনই করা যায়। তার মতে হিন্দুত্বকে ধর্ম না বলে জীবন ব্যবস্থা বলা উত্তম।

একই ধরনের মতামত মহাত্মা গান্ধী প্রদান করে বলেছেন, হিন্দুত্বের সকল মানুষকে নিজ নিজ বিশ্বাসের অনুবর্তী থেকে ঈশ্বরের উপাসনা করা যায়।এভাবে করে অন্যান্য ধর্মের লোকদের পাশাপাশি স্বীয় ধর্ম পালনের মধ্য দিয়ে শান্তি ও সৌহার্দ্যের মধ্যে বসবাস করে জাগতিক তৃপ্তি লাভ করা যায়।

তেমনই কোনো কোনো পণ্ডিত সুসংজ্ঞায়িত ও রক্ষণশীল ধর্মীয় সংগঠন না বলে হিনদু ধর্মকে "অস্পষ্ট সীমানায়" বর্গায়িত করার পক্ষপাতী। কয়েকটি ধর্মমত হিন্দুধর্মে কেন্দ্রীয়। অন্যগুলি ঠিক কেন্দ্রীয় না হলেও এই পরিসীমার আওতার মধ্যেই পড়ে। এরই ভিত্তিতে ফেরো-লুজি হিন্দুধর্মের সংজ্ঞায়নে একটি "উদাহরণমূলক তাত্ত্বিক অন্বেষণ" ("প্রোটোটাইপ থিওরি অ্যাপ্রোচ") চালিয়েছেন।

তাই শ্রীগোবিন্দ দাস বলেন No definition is possible for religion, because it is undefined. [Hinduism: 45]

একই সুরে রাধাকৃষ্ণ এভাবে সংজ্ঞা প্রদান করে বলেছেন, Nothing is more difficult to be defined than Hinduism.

শ্রী গিরির মতে, বেদে স্বপ্রমিত ও সতঃসিদ্ব সত্যরাজি নিহিত এই কথা যে বিশ্বাস করে সেই হিন্দু আর তার এই ধর্মকে হিন্দু ধর্ম বলে।

স্বামী শ্রী বিষ্ণু শিবানান্দ গিরী তার রচিত হিন্দু ধর্মের প্রবেশিকায় লিখেছেন, ভারতে উদ্ভূত যেকোন ধর্মে যিনি বিশ্বাসী হবেন, তিনিই হিন্দু।

কিন্তু এই বক্তব্য সঠিক নয়। কারণ ভারতের লোকেরা পরবর্তীতে বিভিন্ন ধর্ম তথা বৌদ্ব,জৈন, ব্রাহ্ম,বিষ্ণু প্রভৃতি ধর্মের অনুসারী হওয়া শুরু করে। তাই ভ্যানকাটা রমন বলেন, যেসব ব্যক্তি ইসলাম, জৈন, বৌদ্ব, খ্রীষ্টান, পার্সী, ইয়াহূদী যা জগতের অন্যান্য ধর্মের অন্তর্ভূক্ত নয় এবং যাদের উপাসনার রুপ একেশ্বরবাদ থেকে ফেটিশবাদ পর্যন্ত প্রসারিত এবং যার ধর্মতত্ত্ব সম্পূর্ণরুপে সংস্কৃত ভাষায় লিখিত তাদেরকে হিন্দু রুপে এবং তাদের অবলম্বিত ধর্ম হল হিন্দু ধর্ম।

ড. পরেশমণ্ডল ও ড. দিলীপ কুমাড় ভট্টাচার্য বলেন, বৈদিক এবং বেদ অনুমোদিত পৌরাণিক আদর্শ যারা সমাদর করে,বেদে ধর্মীয় শাস্ত্রানানোমোদিত বিশেষ আচার-অনুষ্ঠান দ্বারা ধর্ম সাধনা,উপাসনা করেন এবং সনাতন ধর্মের কল্যাণ চিন্তাকে জীবনের প্রয়োগ করে,জীবন-যাপন করে তারা হিন্দু আর তাদের ধর্মে হল হিন্দু।

**স্বামী বিষ্ণু বলেন**

যিনি বর্ণাশ্রম ব্যবস্থায় নিষ্ঠাবান, গোবৎস বেদকে মাতৃতুল্য মনে করেন, দেবমূর্তিকে অবজ্ঞা করেন না,সকল ধর্মকে সমাদর করেন,পুনর্জন্মে বিশ্বাসী, সর্বজীবকে আত্মপৎ মনে করেন, তিনিই হিন্দু।

Oxford Dictionary তে বলা হয়েছে, The main religion social system of India, which meludes the worship of several Gods and in reincarnation. [Hinduism]

Encyclopedia of Britannica তে বলা হয়েছে, The name of Hinduism means the civilizations of the hindu. Originally the inhabitants of the land of the land of Indus rivers.

উনবিংশ শতকে হিন্দু পুনর্জাগরণবাদীগণ 'হিন্দু-ইজম' শব্দটির প্রয়োগ শুরু করার পর থেকেই হিন্দুধর্ম একটি বিশ্বধর্ম হিসেবে পরিচিতি লাভ করে।এছাড়াও শব্দটির প্রাথমিক প্রয়োগ ঘটিয়েছিলেন পশ্চিমা প্রাচ্যবিদ বা 'প্রথম যুগের ভারততত্ত্ববিদগণ', যাঁদের বক্তব্য সাধারণত একপেশে ছিল বলে মনে করা হয়। যদিও হিন্দুধর্মের শিকড় ও তার বিভিন্ন শাখাপ্রশাখার প্রাচীনত্বের ব্যাপারে কোনো দ্বিমত নেই। সকলেই স্বীকার করেছেন যে প্রাগৈতিহাসিক সিন্ধু সভ্যতা থেকে ঐতিহাসিক বৈদিক সভ্যতার প্রাথমিক পর্ব জুড়ে ছিল হিন্দুধর্মের সূচনালগ্ন। কেবলমাত্র ধর্মবৈভিন্ন প্রদর্শনের উদ্দেশ্যে বৈদিক সংস্কারের ভিত্তিতে হিন্দুধর্মের একটি রূপ দান করেছেন পশ্চিমা প্রাচ্যবিদগণ এমন কথাও বলেছেন কেউ কেউ। কিন্তু তা সত্য নয়।

পাশ্চাত্য দৃষ্টিকোণ থেকে, ধর্ম কি এবং কিভাবে তা আরও প্রাচীন ধর্মবিশ্বাসগুলির সঙ্গে সম্পর্কিত তারই বিচারে হিন্দুধর্মকে যাচাই করা হয়। 'ধর্মবিশ্বাস' 'ফেইথ') শব্দটি 'ধর্ম' ('রিলিজিয়ন') অর্থে প্রয়োগের ফলে এই বিষয়ে জটিলতা বৃদ্ধি পায়। কোনো কোনো পণ্ডিত এবং অনেক হিন্দু দেশীয় 'সনাতন ধর্ম'-এর সংজ্ঞাটির পক্ষপাতী।এই সংস্কৃত শব্দবন্ধটির অর্থ 'চিরন্তন ধর্ম (বিধি)' বা 'চিরন্তন পন্থা।

এই ধর্মের অন্যান্য নামসমূহ হল আর্য,সনাতন,বর্ণাশ্রম ও ব্রাহ্ম ইত্যাদি।

নিম্নে হিন্দু ধর্মের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলো আলোচিত হল:

অবতারবাদে বিশ্বাসঃ


হিন্দু ধর্ম অবতারবাদে বিশ্বাসী। অবতার অর্থ হলো অবতরণকারী। হিন্দুশাস্ত্রের পরিভাষায় স্বর্গ থেকে ঈশ্বর মনোনীত যে মহাপুরুষগণ মানুষকে নীতি শিক্ষাদানের জন্য মর্তে আগমন করেন তাঁদেরকে অবতার বলা হয়। সাধারণত জগৎ-জীবনকে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## অজয় দেবগণের 'ময়দান' সিনেমার পোস্টার প্রকাশ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিগত কয়েক বছর ধরে অজয় দেবগণের 'ময়দান' সিনেমাটির কথা কোনো আলোচনাতেই ছিল না। সবশেষ সিনেমাটি গত বছর ২৩ জুন মুক্তির কথা ছিল। কিন্তু বিভিন্ন কারণে তা সম্ভব হয়নি। আবারও পিছিয়ে যায় মুক্তির দিন।

এবার জানা জানা গেছে, চলতি বছর ঈদে মুক্তি পাচ্ছে 'ময়দান' সিনেমাটি। ২৩ জানুয়ারি এ সিনেমার নতুন একটি পোস্টার প্রকাশ্যে আসে। এটির ব্যাকগ্রাউন্ডে কলকাতার ট্রাম সবার নজর কাড়ে। পায়ে ফুটবল নিয়ে অজয় দেবগণকে এক নতুন লুকে দেখা গেছে। অনেকেই মনে করছেন এ পোস্টার পুরনো কলকাতার নস্টালজিয়া ফিরিয়ে আনবে।

এদিন নিজের সোশ্যাল মিডিয়ায় 'ময়দান' সিনেমার নতুন পোস্টার পোস্ট করে অজয় দেবগণ লেখেন, 'দীর্ঘ প্রতীক্ষিত এ সিনেমা বিশ্বজুড়ে এবার মুক্তি পেতে চলেছে। ক্যালেন্ডারে মার্ক করে রাখুন এ বছরই ঈদে ময়দানে নামব। গর্বের সঙ্গে দেখার জন্য অপেক্ষায় থাকুন।

একটা অনুপ্রেরণার গল্প বলবে এ সিনেমা।'

সিনেমার পোস্টারে নজর কাড়ে কলকাতার পুরনো ট্রামের ছবি। এ দৃশ্য দেখে বোঝা যাচ্ছে কলকাতাতেও সিনেমাটির কিছু অংশের শুটিং হয়েছে। ফলে সিনেমার কাহিনিতেও যে কলকাতার ছাপ থাকবে, একথা ধরে নেওয়া যায়।

চলতি বছরের ঈদে মুক্তি পাচ্ছে আরেকটি সিনেমা। এটি অক্ষয় কুমার এবং টাইগার শ্রফ অভিনীত 'বড়ে মিয়াঁ ছোটে মিয়াঁ'। একইদিনে এ দুই সিনেমা মুক্তি পেলে দর্শকদের মধ্যেও কতটা উন্মাদনা তৈরি হবে তা নিয়ে নির্মাতারা চিন্তা-ভাবনা করছেন।

অমিত রবীন্দ্রনাথ শর্মা, বনি কাপুর এবং জি স্টুডিওসের প্রযোজনায় 'ময়দান' সিনেমার মূল কাহিনি আবর্তিত হয়েছে। এ সিনেমায় অজয় দেবগণ ছাড়া অভিনয় করেছেন প্রিয়ামণি, গজরাজ রাও এবং বাঙালি অভিনেতা রুদ্রনীল ঘোষ। একটি ক্যামিও চরিত্রে অভিনয় করতে দেখা গিয়েছে আরেক বাঙালি তরুণ অভিনেতা আরিয়ান ভৌমিককেও। সিনেমার ট্রেলারেই তিনি সবার নজর কেড়েছেন।

'ময়দান' সিনেমাটি ২০২০ সালের ২৭ নভেম্বর প্রথম এ সিনেমা মুক্তির পাওয়ার কথা ছিল। সেই তারিখ তারপর পিছিয়ে যায় ১১ ডিসেম্বরে। তারপর ২০২১ ও ২০২২ সালেও পাঁচবার মুক্তির তারিখ চূড়ান্ত করা হয় সিনেমার নির্মাতার পক্ষ থেকে। তা সত্ত্বেও মুক্তি পায়নি সিনেমাটি। গত বছর ২০২৩ সালের মার্চ মাসে মুক্তি পেয়েছিল এ সিনেমার ট্রেলার, এবার জানা গেল সিনেমার মুক্তির চূড়ান্ত দিন।

## প্রাক্তন স্ত্রীর সঙ্গে প্রেম করছেন বলিউড অভিনেতা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা গুলশান দেবিয়া ২০১২ সালে বিয়ে করেন গ্রীসের অভিনেত্রী কালিরি জিয়াফেতাকে। তবে ২০২০ সালে ৮ বছরের দাম্পত্য জীবনের ইতি টানেন তারা। এরপর কেটে গেছে কয়েক বছর। আর এই সময়ে মান-অভিমানের বরফ গলেছে। ফের প্রাক্তন স্ত্রীর সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়েছেন গুলশান দেবিয়া।

এসব তথ্য জানিয়েছেন এই অভিনেতা নিজেই। গুলশান দেবিয়া বলেন, 'আমরা পরস্পরকে খুব ভালোবাসি এবং আমাদের মাঝে এখনো গভীর বন্ধন অটুট রয়েছে। বিভিন্ন পরিস্থিতির কারণে এই বন্ধনটি কাজ করেনি। কিন্তু এখন আর পরিস্থিতি তেমন নেই। আর আমরাও আগের মতো নেই। আমরা দুজনেই আলাদা আলাদাভাবে নিজেদেরকে পরিবর্তন করেছি; আরো পরিণত হয়েছি। এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বিচ্ছেদ।'

'আমি এখন নিজেকে আরো ভালো বুঝতে পারি। ব্যক্তিগত ও পেশাগত দিক থেকে আমি এখন আরো বেশি সিকিউর। আমি এখন আরো বেশি ধৈর্যশীল। বোঝাপড়া, সবকিছু পরিচালনার ক্ষেত্রেও আমি আরো বেশি পরিণত।' বলেন গুলশান।

প্রাক্তন স্ত্রীর সঙ্গে পুনরায় সম্পর্কে জড়ানোর কথা স্বীকার করে গুলশান দেবিয়া বলেন, 'আমরা আবারো ডেট করছি। ছুটির দিনে চমৎকার লোকেশন বা রেস্তোরাঁয় একসঙ্গে ঘুরতে যাওয়ার পরিকল্পনা আমরা এখন সবচেয়ে বেশি করি। আমরা এখন অতিরিক্ত চিন্তা করি না। বরং আরো বেশি যত্নশীল।'

## অবশেষে ওটিটিতে রণবীরের 'অ্যানিমেল'




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বড়পর্দার পর এবার ওটিটিতে ঝড় তুলতে আসছে রণবীর কাপুরের 'অ্যানিমেল' সিনেমাটি। ২৫ জানুয়ারি (বৃহস্পতিবার) ওটিটিতে সিনেমার মুক্তির দিন ঘোষণা করলেন সিনেমার নির্মাতা। ২৬ জানুয়ারি) ভারতের প্রজাতন্ত্র দিবসে দেখা যাবে রণবীরের এ সিনেমা।

হিন্দির সঙ্গে 'অ্যানিমেল' সিনেমাটি দেখা যাবে তামিল, তেলগু, মালায়লাম এবং কন্নড় ভাষাতে। সিনেমাটি ওটিটিতে মুক্তি প্রসঙ্গে রণবীর বলেন, 'সিনেমাহলে অ্যানিমেলে যে পরিমাণে ভালোবাসা পেয়েছে, তা দেখে আমরা আপ্লুত। এবার বিশ্বব্যাপী দর্শকরা বাড়ি বসেই সিনেমাটি উপভোগ করতে পারবে। বিশ্বব্যাপী আমাদের কাজ দেখানোর এ সুযোগ সত্যিই খুব বিশেষ।'



২০২৩ সালের ১ ডিসেম্বর পর্দায় মুক্তি পায় 'অ্যানিমেল'। সন্দীপ রেড্ডি বঙ্গা পরিচালিত, 'অ্যানিমেল' একটি অ্যাকশন ড্রামা। রণবীর কাপুরের সঙ্গে সিনেমায় অনিল কাপুর, রাশমিকা মান্দানা ও তৃপ্তি ডিমরিকে দেখা গিয়েছে। সিনেমায় রণবীরের সঙ্গে খলনায়কের চরিত্রে অভিনয় করেছেন ববি দেওল।

এ সিনেমার শুরু থেকেই বিতর্ক, সমালোচনার তুমুল আলোচনা হয়। পরেও সিআএনই-১ স্টুডিও প্রাইভেট লিমিটেড, টি-সিরিজের সহ-প্রযোজকদের মধ্যে মতবিরোধ তৈরি হয়। সিনেমার মালিকানা নিয়ে তাদের মধ্যে সমস্যা হয়। পরে সমস্যাটি দিল্লি কোর্টে সুরহা হয়। এ কারণেই সিনেমাটি ওটিটিতে মুক্তির জন্য স্থগিত রাখাও হয়। মানব জীবনে বিষাক্ত সম্পর্ক, নারীবিদ্বেষ এবং সহিংসতার চিত্রায়ন নিয়ে তীব্র সমালোচনা সত্ত্বেও অ্যানিমেল ২০২৩ সালের শীর্ষ ভারতীয় হিন্দি চলচ্চিত্রের মধ্যে একটি হয়ে ওঠে। বিশ্বব্যাপী বক্স অফিসে এটি প্রায় ৯০০ রুপি আয় করেছে এ সিনেমা।

## পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন 'বড়লোকের বিটি লো' গানের রচয়িতা রতন কাহার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পদ্মশ্রী পুরস্কার পাচেছন 'বড়লোকের বিটি লো' গানের রচয়িতা রতন কাহার। বৃহস্পতিবার বিকালে ভারতের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এ তথ্য জানানো হয় শিল্পীকে। শিল্পীর পরিবার বলছেন এই সম্মান তাদের কাছে মেঘ না চাইতেই বৃষ্টি পাওয়ার মত।

চলতি বছর ভারতের কেন্দ্রীয় সরকারের তরফে সর্বমোট ৩৪ জনকে বেছে নেওয়া হয়েছে পদ্মশ্রী সম্মানে সম্মানিত করার জন্য। এই ৩৪ জনের মধ্যে জায়গা পেয়েছেন বীরভূমের ভাদু লোক সংগীত গায়ক রতন কাহার। রতন কাহারকে পদ্মশ্রী সম্মানের জন্য বেছে নেওয়ার কথা ছড়িয়ে পড়তেই লাল মাটির জেলা বীরভূমের বাসিন্দাদের মধ্যে আনন্দের সীমা নেই।

স্থানীয় সংবাদমাধ্যম থেকে প্রশাসনিক পর্যায়ে তার নামের জয়জয়কার। অনেকেই বলছেন অবশেষে রতন কাহার জীবনের সন্ধিক্ষণে এসে যোগ্য সম্মানটুকু পেলেন।

৮৮ বছর বয়সী রতন কাহারকে পদ্মশ্রী সম্মান দেওয়ার জন্য নির্বাচিত করার পর রতন কাহার সাংবাদিকদের জানান, 'আমি খুব আনন্দিত ও গর্বিত।' তিনি আরও বলেন, পদ্মশ্রী পদক পাওয়ার আগে তিনি সাধারণ মানুষ ছাড়া সেইভাবে কারো সম্মান পাননি।

গার্দিওলার ম্যান সিটিতে

# আর্জেন্টিনার এচেভেরি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দুই পক্ষ সমঝোতায় পৌঁছেছিল আগেই। বাকি ছিল চুক্তির আনুষ্ঠানিকতা। সেটুকুও সারা হল। রিভার প্লেটের তরুণ আর্জেন্টাইন অ্যাটাকিং মিডফিল্ডার ক্লাউদিও এচেভেরি এখন ম্যানচেস্টার সিটির খেলোয়াড়। এর আগে শোনা গিয়েছিল, এচেভেরিকে ছয় বছরের জন্য দলে টানতে আগ্রহী সিটি। তবে চুক্তির মেয়াদ আসলে সাড়ে চার বছর। দারুণ প্রতিভাবান এই টিনএজারকে পেতে ইংলিশ প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়নদের গুনতে হয়েছে এক কোটি ২৫ লাখ পাউন্ড। অবশ্য খরচের অঙ্ক বাড়ার শর্তও আছে।

আগের শর্ত অনুযায়ী, এ বছরের বাকিটা সময় বর্তমান ক্লাব রিভার প্লেটের হয়েই খেলবেন এচেভেরি। নতুন বছরে যোগ দিবেন নতুন ঠিকানায়। স্বদেশি হুলিয়ান আলভারেসেরে পদাঙ্ক অনুসরণ করে সিটিতে যোগ দিলেন এচেভেরি। ইংলিশ প্রিমিয়ার লিগের দলটিতে ২০২২ সালে যোগ দেওয়ার পর আলভারেসকেও ধারে তার সেসময়কার ক্লাব রিভার প্লেটে খেলতে পাঠানো হয়েছিল। সবশেষ ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপে দুর্দান্ত পারফরম্যান্সে ইউরোপের শীর্ষ ক্লাবগুলোর নজরে পড়েন এচেভেরি, যাকে মনে করা হয়ওপরবর্তী মেস্থি। এই উঠতি অ্যাটাকিং মিডফিল্ডার আর্দশ মানেন স্বদেশি মহাতারকা মেসিকেই। অনূধর্ব-১৭ বিশ্বকাপের কোয়ার্টার-ফাইনালে ব্রাজিলের বিপক্ষে এচেভেরি উপহার দেন দারুণ এক হ্যাটট্রিক। আসরে সব মিলিয়ে গোল করেন পাঁচটি। আর্জেন্টিনা বিদায় নেয় সেমি-ফাইনাল থেকে।

## এফএ কাপ

# শেষ মুহূর্তের গোলে জিতে পঞ্চম রাউন্ডে ম্যানসিটি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কোনো কিছুতেই হচ্ছিল না। গোলবারে ৫ শট, ১৮ বারের গোলচেষ্টায় ব্যর্থতা। তবে শেষ পর্যন্ত হেসেছে ম্যানচেস্টার সিটিই। শেষ মুহূর্তের গোলে টটেনহ্যাম হটস্পারকে ১-০ গোলে হারিয়ে এফএ কাপের পঞ্চম রাউন্ডে উঠে গেছে পেপা গার্দিওলার দল।

অ্যাওয়ে ম্যাচে টটেনহ্যামের নতুন ভেন্যুতে খেলেছে সিটি। এর আগে এই মাঠে কোনো গোল করতে পারে নি সফরকারীরা। যদিও পাঁচবার মুখোমুখি হয়েছিল দুইদল।

ম্যাচের ৮৮তম মিনিটে অবশেষে সেই গোলখরার জুজুর ভয় কাটান সিটির ডিফেন্ডার নাথান আকি। কেভিন ডি ব্রুইনার কর্নার থেকে ক্লোজশটে টটেনহ্যামের জালে জমা করেন তিনি।

এই ম্যাচেও ছিল ভিএআর বিতর্ক। সিটি ডিফেন্ডার রুবেন দিয়াস গোলরক্ষক গুগলিমো ভিকারিয়ওকে ফাউল করেছেন বলে দাবি করে টটেনহ্যাম। তবে রেফারি ভিএআর চেক করে স্বাগতিকদের সেই প্রতিবাদ নাকচ করে দেন।

সিটির এই ম্যাচে জয়ের রেকর্ডটি ছিল একটু ব্যতিক্রমী। এর আগে সর্বশেষ প্রিমিয়ার লিগের খেলায় চার ম্যাচে টটেনহ্যামের কাছে হেরেছে পেপ গার্দিওলার দল। এমনকি একটি গোলও করতে পারেনি তারা।

এর আগে ২০১৯ সালের চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালেও টটেনহ্যামের কাছে হেরেছে সিটি। সেই ক্ষত এখনো সেরে উঠেনি। সে আসরে দুই লেগ মিলিয়ে সমান গোল ছিল দুই দলের। তবে অ্যাওয়ে ম্যাচের গোলে টটেনহ্যাম এগিয়ে থাকার কারণে জয় হয়েছে তাদেরই। যে কারণে এই জয় সিটির জন্য ছিল স্বস্তির।

# এশিয়ান কাপের নকআউট পর্বে যুদ্ধবিধ্বস্ত ফিলিস্তিন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এশিয়ান কাপের নকআউট পর্বে প্রথমবারের মতো কোয়ালিফাই করে ইতিহাস গড়ল যুদ্ধবিধ্বস্ত দেশ ফিলিস্তিন। শেষ ষোলোয় যাওয়ার লড়াইয়ে হংকংকে ৩-০ ব্যবধানে হারায় তারা। যেটি এই প্রতিযোগিতায় দেশটির প্রথম জয়ও। তিন ম্যাচে ১ জয়, ১ ড্র ও ১ হারে ৪ পয়েন্ট নিয়ে গ্রুপ 'সি'র তৃতীয় অবস্থানে থেকে পরবর্তী পর্ব নিশ্চিত করেছে ফিলিস্তিন। ৩ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থাকা ইরানও নিশ্চিত করেছে নকআউট পর্ব। দুইয়ে থাকা আরব আমিরাত ৪ পয়েন্ট নিয়ে পরবর্তী পর্ব নিশ্চিত করে। ফিলিস্তিন মূলত তৃতীয় হওয়া দলগুলোর মধ্যে সেরা চারটির একটি হওয়ায় শেষ ষোলোয় যাওয়ার সুযোগ পেয়েছে।

হংকংয়ের বিপক্ষে দোহার আবদুল্লাহ বিন খলিফা স্টেডিয়ামে খেলতে নেমে দাপট দেখায় ফিলিস্তিন। ৬৮ শতাংশ বল দখলে রেখে তারা ১৯টি শট নিয়ে ৭টি লক্ষ্যে রাখে। ম্যাচে দলটির হয়ে হয়ে জোড়া গোল করেছেন ওদায় দাবাগ। দাদ্বশ ও ৬০তম মিনিটে লক্ষ্যভেদ করেছেন এই ফরোয়ার্ড। অন্য গোলটি আসে জাইদ কুনবার পা থেকে।

ইসরায়েলি হামলায় ফিলিস্তিনের অনেক খেলোয়াড় এবং কর্মকর্তারা হারিয়েছেন নিজেদের আপনজন। তাই টুর্নামেন্ট শুরুর আগে দারুণ কিছু করে কিছুটা হলেও সান্ত্বনা দেওয়ার কথা বলেছিলেন তারা। সেই কথা রাখতে পেরেছেন ফুটবলাররা। ইতিহাস গড়েই এশিয়ান কাপের পরের পর্ব নিশ্চিত করেছে দলটি।

# এখন তৃতীয় দামি ক্লাব মেসির মায়ামি




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** লিওনেল মেসিকে দলে ভেড়ানোয় আয় বেড়েছে ইন্টার মায়ামির। মেজর লিগ সকারের (এমএলএস) সবচেয়ে দামি ক্লাবের তালিকায় তৃতীয় স্থানে উঠে এসেছে ক্লাবটি। এ তথ্য জানিয়েছে খেলাধুলার তথ্য-উপাত্ত নিয়ে গবেষণা ও বিশ্লেষণের কাজ করা প্রতিষ্ঠান 'স্পোর্টিকো'।

মেসি যোগ দেওয়ার আগে বাজারমূল্যের দিক থেকে এমএলএসের ২৯টি ক্লাবের মধ্যে ১০ নম্বরে ছিল ইন্টার মায়ামি। এক বছরের কম সময়ের ব্যবধানে সেই ক্লাবটিই সাত ধাপ এগিয়েছে। ফ্লোরিডা অঙ্গরাজ্যের এই ক্লাবের দাম গত এক বছরে বেড়েছে ৭৪ শতাংশ।

বর্তমানে ইন্টার মায়ামির বাজারমূল্য ১০২ কোটি ডলার। ১১৫ কোটি ডলার বাজারমূল্যের লস অ্যাঞ্জেলেস এফসি আছে সব দলের শীর্ষে। তাদের থেকে ১০ কোটি ডলার কমে ১০৫ কোটি ডলার বাজারমূল্য নিয়ে দ্বিতীয় স্থানে আছে আটলান্টা ইউনাইটেড। ১০০ কোটি ডলার বাজারমূল্য নিয়ে তালিকার চারে আছে লস অ্যাঞ্জেলেস গ্যালাক্সি। এবারই প্রথম এমএলএসের চারটি ক্লাবের বাজারমূল্য শত কোটি ডলার ছুঁয়েছে। গত বছর প্রথম ক্লাব হিসেবে এই অঙ্ক ছুঁয়েছিল লস অ্যাঞ্জেলেস এফসি।

# কলম্বিয়ার বিপক্ষে ব্রাজিলের দুর্দান্ত জয়



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিক-২০২৪ শুরু হতে এখনও মাস ছয়েক বাকি থাকলেও ইতোমধ্যেই শুরু হয়ে গেছে প্রাক-অলিম্পিক। যেখানে 'এ' গ্রুপের খেলায় কলম্বিয়া অনূর্ধ্ব-২৩ দলকে সহজেই হারিয়েছে ব্রাজিল অনূর্ধ্ব-২৩ দল।

২৭ জানুয়ারি ভেনেজুয়েলার কারাকাসে ব্রিগিদো ইরিয়ারতে জাতীয় স্টেডিয়ামে শুরু হয় ম্যাচটি। যেখানে কলম্বিয়াকে ২-০ গোলে হারিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে উঠেছে ব্রাজিল।

ম্যাচের শুরু থেকেই আধিপত্য বিস্তার করে খেলেছে ব্রাজিল। তবে গোলের দেখা পেতে অপেক্ষা করতে হয়েছে ৩০ মিনিট। এন্দ্রিকের গোলে শুরুতে লিড নেয় ব্রাজিল। দ্বিতীয়ার্ধে কিছুটা রক্ষণাত্মক খেলেছে ব্রাজিল। তবে এই অর্ধেও একবার কলম্বিয়ার জালে বল পাঠিয়েছে সেলেসাওরা। তাতে ২-০ গোলের সহজ জয় নিয়ে মাঠ ছাড়ে ব্রাজিল। এই জয়ে চূড়ান্ত বাছাই খেলা প্রায় নিশ্চিত করে ফেলেছে ব্রাজিল।

দুই ম্যাচে দুই জয়ে ৬ পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে রয়েছে ব্রাজিল। গ্রুপ এ-তে বাকি চার দলের মধ্যে দুইয়ে ইকুয়েডর, তিনে ভেনেজুয়েলা, এরপর কলম্বিয়া ও বলিভিয়া।

মূলত দক্ষিণ আমেরিকার অঞ্চল থেকে দুটি দল জায়গা পাবে আসন্ন প্যারিস অলিম্পিকের মূল আসরে। সেরা দুইয়ে স্থান পেতে চলছে প্রাক অলিম্পিক লড়াই। সেখানে দুই গ্রুপে ভাগ হয়ে খেলছে মোট দশ দল।

## চুমু কাণ্ড: কাঠগড়ায় উঠতে হচ্ছে

# স্পেনের সাবেক ফুটবল-প্রধানকে!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চুমু কাণ্ডে স্প্যানিশ ফুটবল ফেডারেশনের সাবেক সভাপতি লুইস রুবিয়ালসকে এবার আদালতের কাঠগড়ায় দাঁড়াতে হতে পারে। স্পেনের এক বিচারক রুবিয়ালেসের বিরুদ্ধে বিচার কার্যক্রম শুরুর প্রস্তাব দিয়েছেন। যৌন হয়রানি ও জবরদস্তির অভিযোগও গঠন করা হয়েছে তার বিরুদ্ধে। গেল বছরের আগষ্টে ফিফা নারী বিশ্বকাপে স্পেন চ্যাম্পিয়ন হওয়ার পর পুরস্কার বিতরণী মঞ্চে দেশটির খেলোয়াড় জেনি হেরমোসোর ঠোঁটে চুমু খেয়ে তুমুল সমালোচিত হন রুবিয়ালেস। যার জেরে ফেডারেশন সভাপতির পদ ছাড়তে হয় তাকে। একই সঙ্গে সকল ধরণের ফুটবল কার্যক্রম থেকে তাকে নিষিদ্ধ করে ফিফা।

এই ঘটনায় তার বিরুদ্ধে তদন্তে নামে স্পেনের আদালত। প্রাথমিক তদন্ত শেষে গতকাল স্পেনের অদিয়েন্সিয়া ন্যাসিওনাল আদালতের বিচারক ফ্রান্সিসকো দে হোর্হে বলেছেন, রুবিয়ালেসের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরুর পক্ষে পর্যাপ্ত প্রমাণ পাওয়া গেছে। এই ঘটনায় পারস্পারিক সম্মতি ছিলো না। শুধু রুবিয়ালেস নয়, এই ঘটনার তোলপাড় শুরু হওয়ার পর হেরমোসোর ওপর চাপ সৃষ্টি করার জন্য আরও তিনজনকে বিচারের সন্মুখীন করার প্রস্তাব দিয়েছেন বিচারক ফ্রান্সিসকো। তার হলেন স্পেন নারী দলের সাবেক কোচ জর্জ ভিলদা, পুরুষ দলের পরিচালক আলবার্ট লুকু ও স্পেন ফুটবল ফেডারেশনের (আরএফইএফ) বিপণন কর্মকর্তা রুবেন রিভেরা।

## লম্বা চুক্তিতে পিএসজি শিবিরে

# ব্রাজিলিয়ান মিড ফিল্ডার




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ব্রাজিলিয়ান ক্লাব করিন্থিয়ান্স থেকে গাব্রিয়েল মোসকার্দোকে দলে ভিড়িয়েছে পিএসজি। ২৫ জানুয়ারি এই তরুণ ফুটবলারের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তির বিষয়টি নিশ্চিত করে পিএসজি।

২০২৮ সাল পর্যন্ত মোসকার্দোর সঙ্গে পিএসজির চুক্তির মেয়াদ। শর্ত অনুযায়ী, চলতি মৌসুমের বাকি সময়টা করিন্থিয়ান্সেই খেলবেন তিনি। তাই এখনই পিএসজির হয়ে অভিষেক হচ্ছে না তার। তবে নতুন মৌসুমে নতুন জার্সিতেই খেলবেন এই ব্রাজিলিয়ান। পিএসজির পক্ষ থেকে অবশ্য 'ট্রান্সফার ফি' বিষয়ে কিছু বলা হয়নি। ব্রাজিলিয়ান গণমাধ্যমের খবর, অঙ্কটা দুই কোটি ইউরো। শর্তসাপেক্ষে যোগ হতে পারে আরও ২০ লাখ ইউরো। পিএসজির মতো বড় ক্লাবে নাম লেখাতে পেরে উচ্ছ্বসিত মোসকার্দো। তিনি বলেন, '(পিএসজির) স্কোয়াডে যোগ দিতে এবং দল ও কোচিং স্টাফদের সঙ্গে দেখা করতে মুখিয়ে আছি। আশা করি, দলটির হয়ে অনেক শিরোপা জিতব এবং ক্লাবের সমর্থকদের আনন্দ দিতে পারব।'

## নিউজিল্যান্ড টেস্ট দলে

# রাচিন এবং ও'রুর্ক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** অলরাউন্ডার রাচিন রবীন্দ্র ও তরুণ পেসার উইল ও'রুর্ককে অন্তর্ভুক্ত করে ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে দুই ম্যাচ টেস্ট সিরিজের জন্য দল ঘোষণা করেছে নিউজিল্যান্ড। ফলে দুই বছর পর টেস্ট দলে ফিরলেন রাচিন। অন্যদিকে শুধু দ্বিতীয় ও শেষ টেস্টে ও'রুর্ককে রাখা হয়েছে।

এদিকে হ্যামস্ট্রিং ইনজুরি থেকে সুস্থ হয়ে টেস্টে ফিরছেন নিয়মিত অধিনায়ক কেন উইলিয়ামসন। ইনজুরির কারণে পাকিস্তানের বিপক্ষে সর্বশেষ টি-টোয়েন্টি সিরিজের শেষ তিন ম্যাচে খেলতে পারেননি তিনি। উইলিয়ামসনের পাশাপাশি টম ব্লান্ডেল ও কাইল জেমিসনকেও রাখা হয়েছে।

হোম কন্ডিশন বিবেচনায় সর্বশেষ বাংলাদেশ সফরের দল থেকে দুই স্পিনার ইশ সোধি ও অ্যাজাজ প্যাটেল স্কোয়াড থেকে বাদ পড়েছেন। গত বছরের মার্চে ওয়েলিংটনে শ্রীলঙ্কার বিপক্ষে টেস্টে ২০০ রানের অনবদ্য ইনিংস খেলার পরই ফর্ম হারান হেনরি নিকোলস। এরপর শেষ ১১ টেস্টে ৪০ রানের কোটাও পার করতে পারেননি তিনি। তাই তার জায়গায় রাচিনকে নেওয়া হয়েছে।

২০২১ সালের নভেম্বরে কানপুর টেস্টে রাচিনের অভিষেক হয়। কিন্তু টেস্ট দলে নিয়মিত হতে পারেননি তিনি। এখন পর্যন্ত মাত্র তিনটি টেস্টে খেলেছেন তিনি। ব্যাট হাতে ৭৩ রানের পাশাপাশি ৩ উইকেট নিয়েছেন আইসিসির উদীয়মান খেলোয়াড় নির্বাচিত হওয়া রাচিন।

এদিকে গত ডিসেম্বরে বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে অভিষেক হয়েছিল ও'রুর্কের। এই সিরিজে ৫ উইকেট নিয়ে নজর কাড়েন তিনি। ঘরোয়া সুপার স্ম্যাশ টি-টোয়েন্টিতে সর্বশেষ ৫ ম্যাচের ৯ উইকেট শিকার করেছেন ও'রুর্ক।

আগামী ৪ ফেব্রুয়ারি থেকে মাউন্ট মঙ্গানুইয়ে নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা টেস্ট সিরিজ শুরু করবে। এরপর ১৩ ফেব্রুয়ারি থেকে হ্যামিল্টনে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্ট শুরু হবে।

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে নিউজিল্যান্ডের টেস্ট দল : টিম সাউদি (অধিনায়ক), টম ব্লান্ডেল, ডেভন কনওয়ে, ম্যাট হেনরি, কাইল জেমিসন, টম লাথাম, ড্যারিল মিচেল, উইল ও'রোর্ক (দ্বিতীয় টেস্ট), গ্লেন ফিলিপস, রাচিন রবীন্দ্র, মিচেল স্যান্টনার, নিল ওয়াগনার, কেন উইলিয়ামসন, উইল ইয়ং।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR